# গণতন্ত্র টিকিয়ে রাখতে জাতীয় পার্টিকে রক্ষা করা বিএনপির দায়িত্ব: শামীম পাটোয়ারী



সংগৃহীত ছবি

জাতীয় পার্টিকে নিষিদ্ধ করা হলে রাজনৈতিক ভারসাম্য নষ্ট হবে বলে মনে করেন মহাসচিব শামীম হায়দার পাটোয়ারী। তিনি বলেন, গণতন্ত্র রক্ষার স্বার্থেই বিএনপিকে জাতীয় পার্টিকে রক্ষার ভূমিকা নিতে হবে, নইলে তারা নিজেরাই রাজনৈতিকভাবে দুর্বল হয়ে পড়বে।

জাতীয় পার্টির মহাসচিব ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী বলেছেন, গণতন্ত্রকে কার্যকর রাখতে এখন জাতীয় পার্টিকে রক্ষা করার দায়িত্ব বিএনপির। সম্প্রতি এক বেসরকারি টেলিভিশনের টকশোতে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, অনেকে জাতীয় পার্টিকে নিষিদ্ধ করার দাবি তুলেছিলেন, তবে বিষয়টি বর্তমানে স্তিমিত হয়ে গেছে। এজন্য বিএনপিকে ধন্যবাদ জানাই, কারণ তারা এখনো ওই ফাঁদে পা দেয়নি।

শামীম পাটোয়ারী আশঙ্কা প্রকাশ করেন, জাতীয় পার্টিকে নিষিদ্ধ করা হলে এবং আওয়ামী লীগের বিরুদ্ধেও একই পরিস্থিতি তৈরি হলে নির্বাচনী রাজনীতির মঞ্চে ভারসাম্য নষ্ট হবে। এ অবস্থায় আসন বণ্টন হতে পারে—২০০ আসন বিএনপির হাতে, আর বাকি ১০০ আসন বিভিন্ন ছোট দলের দখলে। তখন এসব দল শর্ত জুড়ে দেবে—অতিরিক্ত আসন না দিলে তারা নির্বাচনে যাবে না। ফলে বিএনপি রাজনৈতিকভাবে পাপেট অবস্থায় বাধ্য হয়ে পড়বে।

তিনি আরও বলেন, রাজনীতিতে একটি ‘কুলিং পিরিয়ড’ জরুরি। তিনি উদাহরণ টানেন জিয়াউর রহমানের সময় থেকে—যেখানে ২১ আগস্টের ঘটনার পর দুই বছরের জন্য রাজনৈতিক কুলিং পিরিয়ড বজায় রাখা হয়েছিল। ফলে আটের নির্বাচনের পরপরই আওয়ামী লীগ বিএনপির ওপর চাপ সৃষ্টি করেনি, বরং কিছু সময় পর শুরু করে। এ ধরনের রাজনৈতিক কুলিং পিরিয়ড আজকের বাংলাদেশে খুবই প্রয়োজন